

আমার মন চেয়ে রয় মনে মনে হেরে মাধুরী ।
 নয়ন আমার কাঙাল হয়ে মরে না ঘুরি ॥
 চেয়ে চেয়ে বুকের মাঝে গুঞ্জরিল একতারা যে—
 মনোরথের পথে পথে বাজল বাঁশুরি ।
 রূপের কোলে ওই-যে দোলে অরূপ মাধুরী ॥
 কুলহারা কোন্ রসের সরোবরে মূলহারা ফুল ভাসে জলের 'পরে ।
 হাতের ধরা ধরতে গেলে চেউ দিয়ে তায় দিই যে ঠেলে—
 আপন-মনে স্থির হয়ে রই, করি নে চুরি ।
 ধরা দেওয়ার ধন সে তো নয়, অরূপ মাধুরী ॥

Parjaay: Prem, Taal: Teyora, Raag: Ashabari-Bhairavi
 Visit www.geetabitan.com for notation and other detail